

তারিখঃ ০৯-১০-২০২৪ (পৃঃ ০১,০৬)

এবার দুর্গাপূজায় কোনো শঙ্কা নেই

অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আসন্ন দুর্গাপূজায় কোনো ধরনের শঙ্কা নেই। এবার পূজা যেন আনন্দ এবং উৎসবমুখর পরিবেশে সৃষ্টি ও শান্তিপূর্ণভাবে হয়, সে জন্য সব ধরনের প্রস্তুতি

■ এরপর পৃষ্ঠা ৬ কলাম ১



এবার দুর্গাপূজায় কোনো

[প্রথম পৃষ্ঠার পর] নেওয়া হয়েছে। অন্য সময় নিরাপত্তায় পুলিশ, স্বেচ্ছাসেবক, গ্রামপুলিশ থাকত। এবার তাদের সঙ্গে র‍্যাভ, সেনাবাহিনী, বিজিবি, নৌবাহিনী ও বিমানবাহিনী মোতায়েন থাকবে। আমি আশা করি এবার পূজা খুব ভালোভাবে হবে। গতকাল বিকালে শহরের জয়দেবপুর বাজারের কৃপাময়ী কালী মন্দিরের দুর্গামণ্ডপ পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। এর আগে তিনি গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সি ও বাংলাদেশ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (নাটা) পরিদর্শন করেন। এ সময় তিনি এসব প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন বিভাগ ও প্রদর্শনী স্টল পরিদর্শন করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, এবারের দুর্গাপূজা উদযাপনে সরকারের তরফ থেকে যত ধরনের সহযোগিতা দরকার তা করা হবে। এবার পূজার জন্য সর্বোচ্চ বরাদ্দ ৪ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে। বাংলাদেশের ৫৩ বছরের ইতিহাসে কোনো সরকার পূজা উদযাপনে ৪ কোটি টাকা বরাদ্দ দেয়নি। পূজা উপলক্ষে এবারই প্রথম ছুটি এক দিন বাড়িয়ে চার দিন করা হয়েছে। এবার আপনারা খুব শান্তিতে এবং আনন্দের সঙ্গে পূজা উদযাপন করবেন। বাজার সিন্ডিকেটের বিষয়ে এক প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, বাণিজ্য মন্ত্রণালয় চেষ্টা করছে বাজার সহনীয় পর্যায়ে নিয়ে আসার জন্য। আমার মনে হয়, খুব শিগগিরই বাজার সহনীয় পর্যায়ে চলে আসবে। যদি কোনো সিন্ডিকেট থাকে সেটি বাণিজ্য মন্ত্রণালয় ভেঙে দেবে।

কৃষির উন্নয়নে কৃষি বিজ্ঞানীদের প্রশংসা করে কৃষি উপদেষ্টা বলেন, দেশের জন্য সবচেয়ে বেশি অংশগ্রহণ হচ্ছে কৃষির। কৃষির উন্নয়নের জন্যই আমরা এখনো খাবার পাচ্ছি। কৃষির উন্নতির জন্য কাজ করছে কৃষি ও ধান গবেষণা ইনস্টিটিউট। তিনি দেশে টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত সর্বোচ্চ ঐক্যবদ্ধভাবে করার আহ্বান জানান।

এ সময় কৃষি সচিব ড. মো. এমদাদ উল্লাহ মিয়া, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) কমিশনার খান্দকার মো. রফিকুল ইসলাম, অতিরিক্ত কমিশনার আহম্মার উজ্জামান, জেলা প্রশাসক নাফিসা আরিফীন, পুলিশ সুপার মো. আবুল কালাম আযাদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) মহাপরিচালক ড. মো. আবদুল্লাহ ইউছুফ আখন্দ, ব্রিহ মহাপরিচালক ড. মো. খালেদুজ্জামান, গাজীপুর মহানগর পূজা উদযাপন কমিটির সভাপতি অরুণ কুমার সাহা ও সাধারণ সম্পাদক নারায়ণ চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন।—গাজীপুর প্রতিনিধি

দেশ রূপান্তর

তারিখঃ ০৯-১০-২০২৪ (পৃঃ ০৩)

স্বরাষ্ট্র উপদেষ্টা বললেন আনন্দের সঙ্গে দুর্গাপূজা উদযাপন হবে

গাজীপুর প্রতিনিধি

স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লে. জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, 'সনাতন ধর্মাবলম্বীদের জন্য আমাদের মেসেজ হচ্ছে, এবার আপনারা আনন্দের সঙ্গে উৎসবমুখর পরিবেশে দুর্গাপূজা উদযাপন করবেন। শান্তিশৃঙ্খলা রক্ষায় আমাদের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। পূজায় মার্বিক সহযোগিতা দেওয়া হবে।'

গতকাল মঙ্গলবার বিকেলে গাজীপুর শহরের কৃপাময়ী কালীমন্দির সর্বজনীন দুর্গামন্দির পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন। এর আগে তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট পরিদর্শন করেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে পূজাকে কেন্দ্র করে অপপ্রচার চালানো হচ্ছে। এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা বলেন, 'এটি দেখার দায়িত্ব আপনাদের। আমার এলাকায় কোনো সমস্যা হয়নি, আপনাদের গাজীপুরে কোথাও সমস্যা হলে সেটি লেখেন। তাহলেই সবাই পরিষ্কৃতি বুঝবে। মব কালচার আগেও ছিল, এখন সেটি রোধ করতে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি জনসচেতনতা বাড়াতে হবে।'